



## চবির নতুন ভিসি, ড. ইফতেখার

চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। রাষ্ট্রপতি ও চ্যান্সেলর আডভোকেট আবদুল হানিদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যাক্ট-১৯৭৩-এর ১২(২) ধারা অনুযায়ী তাকে প্রো-ভিসির পদ থেকে অব্যাহতি দিয়ে ১৫ জন থেকে আগামী চার বছরের জন্য ভিসি হিসেবে নিয়োগ দিয়েছেন। বর্তমানে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসেবে দায়িত্ব পালন করছেন। বুধবার বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ড. ইফতেখার চবির বর্তমান ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের স্থলাভিষিক্ত হচ্ছেন। সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, আবারও ভিসি হিসেবে মেয়াদ বাড়ানোর চেষ্টা করলেও নানা অনিয়ম-দুর্নীতির অভিযোগ তুলায় প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের ভিসি হিসেবে থাকার মেয়াদ শেষ পর্যন্ত বাড়ানো হয়নি।